

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে ভর্তির প্রাক-নির্বাচনী পরীক্ষা সম্পন্ন হয়েছে। শনিবার বুয়েট ক্যাম্পাসে দুই শিফটে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম শিফটে 'ক' ও 'খ' গ্রুপের পরীক্ষা সকাল ১০টা থেকে সকাল ১১টা এবং দ্বিতীয় শিফটে 'ক' ও 'খ' গ্রুপের পরীক্ষা বেলা ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হয়।

আবেদন করা শিক্ষার্থীদের মধ্য থেকে ১৭ হাজার ৩৪ শিক্ষার্থী প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছেন। প্রথম শিফটে ৮ হাজার ৫১৭ এবং দ্বিতীয় শিফটে ৮ হাজার ৫১৭ শিক্ষার্থী অংশ নেন। ১০০ নম্বরের এমসিকিউ টাইপ প্রশ্নের মাধ্যমে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিতির হার ছিল ৯৫ শতাংশেরও বেশি।

কভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারির কারণে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া স্বাভাবিকি মেনে প্রাক-নির্বাচনী ও মূল ভর্তি পরীক্ষার মাধ্যমে দুই ধাপে অনুষ্ঠিত হবে। প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলের মেধাক্রম অনুসারে প্রতি শিফটের ১ম থেকে ৩০০তম শিক্ষার্থীকে (মডিউল 'এ' এবং মডিউল 'বি' সহ) মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত ন্যূনতম ১২ জন পরীক্ষার্থী (পর্যাপ্ত আবেদন গ্রহণ সাপেক্ষে) মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ ১১ জুন। তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.buet.ac.bd) প্রকাশ করা হবে। আগামী ১৮ জুন মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মূল ভর্তি পরীক্ষা লিখিত আকারে দুই ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত হবে। এই পরীক্ষায় থাকবে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মডিউল-এ 'ক' ও 'খ' গ্রুপের জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন এবং বেলা ২টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত মডিউল-বি 'খ' গ্রুপের মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি।

প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের অধীনে ১২টি বিভাগে স্নাতক শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এবারের ভর্তি পরীক্ষায় পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট তিনটি ও স্থাপত্য বিভাগে একটি সংরক্ষিত আসনসহ সর্বমোট এক হাজার ২৭৯টি আসনের বিপরীতে প্রার্থী সংখ্যা ১৭ হাজার ৩৪ জন। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ ৬ জুলাই।

প্রাক-নির্বাচনী পরীক্ষা চলাকালে বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার ও উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল জব্বার খান। এ সময় উপস্থিত ছিলেন ভর্তি কমিটিগুলোর সভাপতি এবং পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. আবু সিদ্দিক, ছাত্র কল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ।